



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭।



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বিদেশী ডিগ্রির সমতা বিধান নীতিমালা

(০৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৫৭ তম সভায় অনুমোদিত)

- ১। নামকরণ : এই নীতিমালাকে বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির সমতা বিধান নীতিমালা বলা হইবে।
- ২। সংজ্ঞা : বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে এই নীতিমালাতে-
- ক) "ইউজিসি" অর্থ রাষ্ট্রপতির আদেশ নম্বর-১০ দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ;
- খ) "পূর্ণ কমিশন" অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর পূর্ণ কমিশন ;
- গ) "চেয়ারম্যান" অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর চেয়ারম্যান ;
- ঘ) "বিশ্ববিদ্যালয়" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় ;
- ঙ) "মূল্যায়ন কমিটি" অর্থ এই নীতিমালায় উল্লিখিত বিষয়ে ইউজিসি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠিত কমিটি ;
- চ) "গবেষণা সহায়তা এবং প্রকাশনা" অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর গবেষণা সহায়তা এবং প্রকাশনা বিভাগ ;
- ছ) "ডিগ্রি" অর্থ সরকার কর্তৃক অনুমোদিত সরকারী বা বেসরকারী বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে অর্জিত ডিগ্রি ;
- জ) "অন ক্যাম্পাস" অর্থ যে ক্যাম্পাসে অধ্যয়নের জন্য সরাসরি শ্রেণি কক্ষে উপস্থিত থাকিয়া শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করা বাধ্যতামূলক ;
- ঝ) "অফ ক্যাম্পাস" অর্থ যে ক্যাম্পাসে অধ্যয়নের জন্য সরাসরি শ্রেণি কক্ষে উপস্থিত থাকিয়া শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণে বাধ্যবাধকতা নাই, অনলাইনে শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে ডিগ্রি অর্জন করা যায় ;
- ঞ) "স্টাডি সেন্টার" অর্থ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের স্টাডি সেন্টার ;
- ট) "মেয়াদকাল" অর্থ ডিগ্রি অর্জনের জন্য বিদেশী বিশ্ববিদ্যালয়ের ব্যায়িত ন্যূনতম সময় ;

৩। নীতিমালার প্রযোজ্যতা : এই নীতিমালা কেবলমাত্র বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির সমতা বিধানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। নীতিমালার প্রাধান্য : এই নীতিমালা অনুমোদনের তারিখ হইতে কার্যকর হইবে।

৫। সাধারন নিয়মাবলী :

- (ক) স্বীকৃত বিদেশী বিশ্ববিদ্যালয়/Deemed University/ইনস্টিটিউট (অন ক্যাম্পাস) এবং বাংলাদেশে পরিচালিত আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রি বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় হইতে প্রদত্ত অনুরূপ ডিগ্রির সহিত সমতার যোগ্য বলিয়া বিবেচিত হইবে।
- (খ) অর্জিত বিদেশী ডিগ্রী যদি সরাসরি কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত না হয় তাহা হইলে একই দেশের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত কোন অস্বীকৃত কলেজ/ইনস্টিটিউট (অন ক্যাম্পাস) হইতে প্রাপ্ত হইয়া থাকে তাহা হইলে ক্রমিক-ক এ উল্লিখিত শর্তে অনুরূপ ডিগ্রির সহিত সমতায়ন করা যাইবে।
- (গ) বিদেশের যে বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রি অর্জিত হইয়াছে তাহা যদি সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক স্বীকৃত না হয় তাহা হইলে প্রাপ্ত ডিগ্রি সমতা বিধানের জন্য গ্রহণযোগ্য হইবে না। এমনকি স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত নয় এমন স্টাডি সেন্টারের মাধ্যমে ভর্তি হয়ে ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে সকল পরীক্ষা সম্পন্ন করলেও সমতায়ন করার সুযোগ নেই। তবে কোনো শিক্ষার্থী বাংলাদেশের বাহিরে কোনো এক দেশে অবস্থান করে, সেই দেশ ভিন্ন কোন দেশের বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাস হতে সরাসরি শ্রেণি কক্ষে উপস্থিত থাকিয়া শিক্ষা কার্যক্রমের মাধ্যমে ডিগ্রি অর্জন করলে অনুরূপ ডিগ্রির সহিত সমতায়ন করা যাইবে।

SR

SR

- (খ) সাময়িক সনদ জমাদান সাপেক্ষে ডিগ্রি সমতায়ন করা যাবে না। তবে সাময়িক সনদ সমতায়নের ক্ষেত্রে সাময়িক সমতা সনদ প্রদান করা হইবে। আবেদনকারী মূল সনদ জমাদান সাপেক্ষে মূল সমতা সনদ প্রদান করা হইবে।
- (ঙ) যে বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রি অর্জিত হইয়াছে, সেই বিশ্ববিদ্যালয় যদি অন্য কোন বিশ্ববিদ্যালয় অধ্যয়নের কোন ক্রেডিট রেয়াত (Credit waiver) দিয়া থাকে তাহার স্বপক্ষে প্রমানাদী আবেদনের সহিত জমা দিতে হইবে।
- (চ) সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও অন্যান্য গুরুত্বপূর্ণ ডকুমেন্ট অনুবাদ করার ক্ষেত্রে অনুবাদকারী প্রতিষ্ঠান সরকার কর্তৃক অনুমোদিত (লাইসেন্সধারী) হইতে হইবে।
- (ছ) বাংলাদেশী নাগরিক ব্যতীত অন্যান্য দেশের নাগরিকদের অর্জিত ডিগ্রি পররাষ্ট্র মন্ত্রণালয় অথবা সংশ্লিষ্ট দেশের দূতাবাস এর সুপারিশ সাপেক্ষে বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে কমিশন কর্তৃপক্ষ কর্তৃক উক্ত সনদ সমতা বিধানের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে। তবে অবশ্যই উক্ত ডিগ্রিতে ভর্তির ন্যূনতম যোগ্যতা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার সহিত মিল থাকতে হবে।
- (জ) সমতা বিধানের সকল সনদে অবশ্যই উল্লেখ থাকিবে “উপর্যুক্ত প্রত্যয়ন প্রদত্ত ডিগ্রির সত্যতার নিশ্চয়তা বিধান করে না” এবং সমতা সনদ ইংরেজিতে প্রদান করা হইবে।
- (ঝ) প্রতি ডিগ্রি সমতাবিধানের জন্য ২৫০০/- (দুই হাজার পাঁচশ) টাকার পে-অর্ডার “ইউজিসি” বরাবর প্রদান করতে হবে।

৬। বিশেষ শর্তাবলী :

- (ক) অর্জিত ডিগ্রির অনুরূপ কোন ডিগ্রি বাংলাদেশের কোন শিক্ষাপ্রতিষ্ঠান প্রদান না করিলে অর্জিত ডিগ্রির ট্রান্সক্রিপ্ট, নিলেবাস ইত্যাদি যাচাইপূর্বক বাংলাদেশের কোন ডিগ্রির সঙ্গে সমতায়ন করার বিষয়টি সমতা বিধান স্টিয়ারিং কমিটি বিশেষজ্ঞ মতামত সাপেক্ষে Case by Case সিদ্ধান্ত নিতে পারবে।
- (খ) অনলাইনের মাধ্যমে অর্জিত পিএইচ.ডি ডিগ্রি, অন্যান্য প্রফেশনাল ডিগ্রি ও ০৩ বছরের কম সময়ে কোন অর্জিত কোন ডিগ্রি সমতায়ন এবং অর্জিত ডিগ্রির শ্রেণি/শ্রেণি নির্ধারণ সমতা বিধান কমিটির আওতাভুক্ত হবে না।
- (গ) বিশ্বের যে কোন স্বীকৃত উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রি (স্নাতক/স্নাতকোত্তর) বাংলাদেশের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির সহিত সমতা বিধান করা যাইবে। উক্ত ডিগ্রি যদি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত কোন স্টাডি সেন্টার হইতে অর্জন করা হইয়া থাকে, সেই ক্ষেত্রে স্টাডি সেন্টারটি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত কিনা তাহার স্বপক্ষে সনদ পত্রের কপি সংযুক্ত করিতে হইবে। এতদ্ব্যতীত, সেন্টারটি যদি সংশ্লিষ্ট দেশে না হইয়া অন্য কোন দেশে হইয়া থাকে সেই ক্ষেত্রে সেন্টারটি যে দেশে অবস্থিত সেই দেশ কর্তৃক স্বীকৃত-কিনা তাহার স্বপক্ষে প্রমাণ সংযুক্ত করিতে হইবে (সংশ্লিষ্ট দেশের দূতাবাস কর্তৃক প্রত্যয়নের প্রয়োজন হইবে)।
- (ঘ) চিকিৎসা, নার্সিং, ফার্মেসী ও আইন বিষয়ক ডিগ্রি সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের (BMDC, Nursing Council, Pharmacy Council and Bangladesh Bar Council) মাধ্যমে সমতায়ন করতে হইবে।
- (ঙ) আবেদনকারীর অর্জিত ডিগ্রির সময়কালীন পাসপোর্ট ও বৈধ ভিসা প্রদর্শনে ব্যর্থ হইলে ডিগ্রি সমতায়নের কোন সুযোগ নাই। তবে পাসপোর্ট হারিয়ে যাওয়ার ক্ষেত্রে যথাযথ প্রমাণাদি দাখিল সাপেক্ষে কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে।
- (চ) ACCA/CA/CMA/CPA সমূহ প্রফেশনাল কোয়ালিফিকেশন হওয়ায় এসকলের সমতায়ন করা যাইবে না।
- (ছ) যদি কোন শিক্ষার্থী ২০০৩ সালের পূর্বে ৩ (তিন) বছর মেয়াদী অর্জিত বিদেশী গ্রাজুয়েশন ডিগ্রি করে থাকে, সে ক্ষেত্রে তাদেরকে ডিগ্রি অনার্স ডিগ্রির সাথে সমতায়ন করার সুযোগ নেই।

৭। বিষয়ভিত্তিক সমতা বিধান :

(ক) কলা-মানবিক ও সামাজিক বিজ্ঞান :

- (১) ০৩ (তিন) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে অর্জিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ও স্টাডি সেন্টারটি স্ব স্ব দেশের সরকার কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী Bachelor of Arts/ Bachelor of Social Science এর সহিত সমতায়ন করা যাইবে/যাইতে পারে। সনদে অবশ্যই উল্লেখ থাকিবে যে, ডিগ্রিটি দূরশিক্ষণ এর মাধ্যমে অর্জিত হইয়াছে।
- (২) ০৩ (তিন) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী Bachelor of Arts/ Bachelor of Social Science এর সহিত সমতায়ন করা যাইবে।
- (৩) ০৪ (চার) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি ০৪ (চার) বৎসর মেয়াদী Bachelor of Arts (with major)/ Bachelor of Social Science (with major) এর সহিত সমতায়ন করা যাইবে।

- (৪) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি ০১ (এক) বৎসর মেয়াদী হইলে এবং পূর্ববর্তী গ্রাজুয়েশন ডিগ্রি উপরোক্ত (১) অথবা (২) অথবা (৩) পন্থায় অর্জিত হইলে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে অর্জিত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি বাংলাদেশের Master of Arts/Social Science (with major) ডিগ্রি এর সহিত সমতায়ন করা যাইবে।
- (৫) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী ০২ (দুই) বৎসর মেয়াদী হইলে Master of Arts/Social Science (with major) ডিগ্রীর সহিত সমতায়ন করা যাইবে।
- (৬) বাংলাদেশে মাস্টার ডিগ্রি প্রাপ্ত কোন ছাত্র/ছাত্রী বিদেশ থেকে ০২ (দুই) বৎসর মেয়াদী থিসিসসহ পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অর্জন করিলে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদিসহ থিসিস পেপারটি বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে M. Phil হিসাবে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।
- (৭) Ph.D. ডিগ্রীর ক্ষেত্রে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদি মূল্যায়ন সাপেক্ষে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।

(খ) ব্যবসায় শিক্ষা :

- (১) ০৩ (তিন) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মাধ্যমে অর্জিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ও স্টাডি সেন্টারটি স্ব দেশের সরকার কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী Bachelor of Business Studies এর সহিত সমতায়ন করা যাইবে/যাইতে পারে। সনদে অবশ্যই উল্লেখ থাকিবে যে, ডিগ্রীটি দূরশিক্ষণ এর মাধ্যমে অর্জিত হইয়াছে।
- (২) ০৩ (তিন) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী Bachelor of Business Studies এর সহিত সমতায়ন করা যাইবে।
- (৩) ০৪ (চার) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি ০৪ (চার) বৎসর মেয়াদী Bachelor of Business Administration (with major) এর সহিত সমতায়ন করা যাইবে।
- (৪) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি ০১ (এক) বৎসর মেয়াদী হইলে এবং পূর্ববর্তী গ্রাজুয়েশন ডিগ্রি উপরোক্ত (১) অথবা (২) পন্থায় অর্জিত হইলে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে অর্জিত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি বাংলাদেশের Master of Business Administration ডিগ্রি এর সহিত সমতায়ন করা যাবে।
- (৫) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি ০১ (এক) বৎসর মেয়াদী হইলে এবং পূর্ববর্তী গ্রাজুয়েশন ডিগ্রি উপরোক্ত (৩) পন্থায় অর্জিত হইলে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে অর্জিত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি বাংলাদেশের Master of Business Administration (with major) ডিগ্রি এর সহিত সমতায়ন করা যাবে।
- (৬) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী ০২ (দুই) বৎসর মেয়াদী হইলে Master of Business Administration (with major) ডিগ্রীর সহিত সমতায়ন করা যাইবে।
- (৭) বাংলাদেশে মাস্টার ডিগ্রিপ্রাপ্ত কোন ছাত্র/ছাত্রী বিদেশ থেকে ০২ (দুই) বৎসর মেয়াদী থিসিসসহ পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অর্জন করিলে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদি মূল্যায়ন সাপেক্ষে M. Phil হিসাবে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।
- (৮) Ph.D. ডিগ্রীর ক্ষেত্রে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদি মূল্যায়ন সাপেক্ষে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।

(গ) বিজ্ঞান :


- (১) ০৩ (তিন) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে অর্জিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ও স্টাডি সেন্টারটি স্ব দেশের সরকার কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী Bachelor of Science এর সহিত সমতায়ন করা যাইবে/যাইতে পারে। সনদে অবশ্যই উল্লেখ থাকিবে যে, ডিগ্রীটি দূরশিক্ষণ এর মাধ্যমে অর্জিত হইয়াছে।
- (২) ০৩ (তিন) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী Bachelor of Science এর সহিত সমতায়ন করা যাইবে।

২২


- (৩) ০৪ (চার) বৎসর মেয়াদী বিদেশী ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হয় এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, সেই ক্ষেত্রে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রী ০৪ (চার) বৎসর মেয়াদী Bachelor of Science (with major) এর সহিত সমতায়ন করা যাইবে।
- (৪) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি ০১ (এক) বৎসর মেয়াদী হইলে এবং পূর্ববর্তী গ্রাজুয়েশন ডিগ্রি উপরোক্ত (১) অথবা (২) অথবা (৩) পন্থায় অর্জিত হইলে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে অর্জিত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি বাংলাদেশের Master of Science (with major) ডিগ্রি এর সহিত সমতায়ন করা যাবে।
- (৫) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি ০২ (দুই) বৎসর মেয়াদী হইলে Master of Science (with major) ডিগ্রির সহিত সমতায়ন করা যাইবে।
- (৬) বাংলাদেশে মাস্টার ডিগ্রিপ্রাপ্ত কোন ছাত্র/ছাত্রী বিদেশ থেকে ০২ (দুই) বৎসর মেয়াদী থিসিসসহ পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অর্জন করিলে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদি মূল্যায়ন সাপেক্ষে M. Phil হিসাবে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।
- (৭) Ph.D. ডিগ্রীর ক্ষেত্রে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদি মূল্যায়ন সাপেক্ষে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।

(ঘ) প্রকৌশল :

- (১) দূরশিক্ষণ ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর মাধ্যমে অর্জিত প্রকৌশল বিষয়ক কোন ডিগ্রির সমতায়ন করার সুযোগ নাই।
- (২) বাংলাদেশে প্রকৌশল বিষয়ে ০৩ (তিন) বৎসর মেয়াদী গ্রাজুয়েশন ডিগ্রি বিদ্যমান না থাকায় বিদেশ থেকে অর্জিত ০৩ (তিন) বৎসর মেয়াদী কোন প্রকৌশল ডিগ্রির সমতায়ন করা যাইবে না। তবে যান সম্পন্ন বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ৩ বছরের Bachelor in Engineering এবং ১ বছরের Master in Engineering ডিগ্রি অর্জন করলে বাংলাদেশী ০৩ বছর মেয়াদী Bachelor in Engineering ডিগ্রি সমতায়ন করা যাইবে।
- (৩) বাংলাদেশের ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করে বিদেশী ০৩ বছর মেয়াদী Bachelor in Engineering ডিগ্রি অর্জন করলে সমতায়ন করার সুযোগ নেই। তবে ১৮.৫ ক্রেডিট ওয়েবার এবং কমপক্ষে ৩.৫ বছর মেয়াদীসহ ১৫৭ ক্রেডিট সম্বলিত Bachelor in Engineering ডিগ্রি অর্জন করলে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদিসহ থিসিস/প্রজেক্ট পেপারটি বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে সমতায়ন করা যেতে পারে।
- (৪) বিদেশ থেকে অর্জিত ০৪ (চার) বৎসর মেয়াদী প্রকৌশল ডিগ্রি যদি সরাসরি ক্যাম্পাসে পরিচালিত হইয়া থাকিলে এবং ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইলে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত ডিগ্রী ০৪(চার) বৎসর মেয়াদী প্রকৌশল ডিগ্রির সহিত সমতায়ন করা যাইবে।
- (৫) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি ০১ (এক) বৎসর মেয়াদী হইলে এবং পূর্ববর্তী গ্রাজুয়েশন ডিগ্রি উপরোক্ত (১) পন্থায় অর্জিত হইয়া থাকিলে উক্ত অর্জিত ডিগ্রি সমতায়ন করা যাইবে না।
- (৬) অর্জিত বিদেশী পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী ০১ (এক)/ ০২ (দুই) বৎসর মেয়াদী হইলে এবং পূর্ববর্তী গ্রাজুয়েশন ডিগ্রী উপরোক্ত (৩) অথবা (৪) পন্থায় অর্জিত হইলে সকল ডকুমেন্ট ও তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে উক্ত অর্জিত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী বাংলাদেশের পোস্ট গ্রাজুয়েট ডিগ্রীর সহিত সমতায়ন করা যাইবে।
- (৭) Ph.D. ডিগ্রীর ক্ষেত্রে দাখিলকৃত সকল ডকুমেন্ট ও তথ্যাদি মূল্যায়ন সাপেক্ষে সমতায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে।
- ৮। উপরোক্ত ধারার বহির্ভূত কোন বিষয় সমতাবিধান স্টিয়ারিং কমিটির সভাপতি উক্ত সভায় উপস্থাপন করিতে পারিবে।
- ৯। এই নীতিমালা সংশোধন, ইহাতে নতুন ধারা সংযোজন, কোনো ধারার সংশোধন এবং কোন ধারা বাতিল করিবার ক্ষমতা কমিশনের উপর ন্যস্ত থাকিবে। এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো ধারার/বাক্যের/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।



প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।


13/02/2020
অধ্যাপক কাজী সাহিদুল্লাহ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।